



# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর।

ই-মেইলঃ [crmfaridpur@krishibank.org.bd](mailto:crmfaridpur@krishibank.org.bd)

“গণমানুষের ব্যাংক”

ফোন : ০২৪৭৮৮০৫৩৬২

০২৪৭৮৮০২৬৭০

## মার্চ/২০২৪ হতে জুন/২০২৪ সময়কালের ৪র্থ প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

০১। অদ্য ০৩.০৬.২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ টায় বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুরের ৪র্থ প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুরে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় জনাব মোঃ আব্দুর রশীদ মোল্যা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তার বক্তব্যে অত্র ব্যাংকের ‘জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও ৪র্থ প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পরীক্ষণ কাঠামো সম্পর্কে আলোকপাত করেন এবং সে অনুযায়ী আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্ব আরোপ করেন। ব্যাংকিং কার্যক্রমকে অব্যাহত রাখার জন্য সকলের সুস্থতা ও সুরক্ষার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি আরো বলেন আর্থিক স্বচ্ছলতা সুশাসন প্রতিষ্ঠার একটি বড় মাধ্যম, সে কারণেই প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে আর্থিক স্বচ্ছলতা ও জবাবদিহিতার কোন বিকল্প নেই। সরকার সকল প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উপর গুরুত্ব আরোপ করেছেন। অত্র ব্যাংকের অত্র অঞ্চলেও যাতে শুদ্ধাচার চর্চা অব্যাহত থাকে তার জন্য উপস্থিত সকলকে পরামর্শ দেন।

০২। সভাপতি “জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪” ৪র্থ প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন এবং চলমান প্রান্তিকে লক্ষ্যমাত্রা সমূহ পূরণের জন্য বিশেষ দিক নির্দেশনা প্রদান করেন। শাখা/কার্যালয়ের সুশাসন, নিয়মানুবর্তিতা, প্রতিষ্ঠানের বিধি বিধান পরিপালন, অফিস শৃঙ্খলা, সততা ইত্যাদি বিষয়ে সভাপতি বিস্তারিত আলোচনা করেন।

০৩। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক)	প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক আঞ্চলিক শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করে নিয়মিতভাবে সভা কার্যবিবরণী এবং ত্রৈমাসিক ভিত্তিক “মাঠ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন” ও প্রতিবেদনে প্রদর্শিত কার্যক্রমের প্রমানকসহ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে যথাসময়ে প্রেরণ করতে হবে (বাস্তবায়নেঃ জনাব প্রকাশ চন্দ্র হালদার, কর্মকর্তা)।
খ)	ব্যাংকের নিয়মনীতি সততার সাথে মেনে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের অর্থই হলো শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং নৈতিকতার স্বার্থকতা যা সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুসরণ করতে হবে।
গ)	মানিভারিং প্রতিরোধ কার্যক্রম মেনে চলতে হবে। এ লক্ষ্যে মুখ্য আঞ্চলিক কার্যালয় গুলো সিটিআর ও এসটিআর প্রতিবেদন যথাসময়ে সঠিকভাবে প্রধান কার্যালয়ের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ নিশ্চিত করছে কিনা তা তদারকী করতে হবে। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ত্রৈমাসিক অর্জনের পরিসংখ্যান হালনাগাদ রাখতে হবে।
ঘ)	গ্রাহক সেবার মান উন্নয়ন করতে হবে এবং সকল কাজের জবাব দিহিতা নিশ্চিত করতে হবে।
ঙ)	ঋণ বিতরণ ও আদায়ে অধিকতর স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিতকরণে প্রকাশ্যে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে বিশেষ সভার আয়োজন করতে হবে। নাগরিক অডিট পদ্ধতি নিয়মাচার পালিত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যবেক্ষণে রাখতে হবে (বাস্তবায়নে আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ, ফরিদপুর আঞ্চল)।
চ)	শাখা কর্তৃক প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংশ্লিষ্ট রেজিস্টার পরিপালনসহ সিটিজেন চার্টার দর্শনীয় স্থানে টাঙ্গাতে হবে।
ছ)	অত্র কার্যালয়সহ আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের নথিসমূহ যথাযথভাবে শ্রেণীবিন্যাস করে রেজিস্টার সংরক্ষণ করতে হবে।
জ)	শাখা সমূহ যেন আসন্ন বার্ষিক হিসাব সমাপনীতে হিসাবায়ন পদ্ধতি সঠিকভাবে অনুসরণ করে এবং লক্ষ্যমাত্রা অর্জনে নির্ভুল তথ্য প্রদান করে তা নিশ্চিত করতে হবে।

০৪। অতঃপর ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩.০৬.২০২৩

(মোঃ আব্দুর রশীদ মোল্যা)

আহ্বায়ক, আঞ্চলিক নৈতিকতা কমিটি

ও

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সূত্র নং-মুআকা/ফরিদ/প্রশা-৩০(ক/শুদ্ধাচার)/২০২৩-২০২৪/২৭৬৬(২)(৩১)

তারিখ : ০৩.০৬.২০২৪ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি :-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, ফরিদপুর মুখ্য অঞ্চল, ফরিদপুর।